

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৪৯

১৩. কিতাবুল হজ্ব (کتاب الحج)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তির স্ত্রী ফরয হজ পালন করার জন্য বের হবে, তখন সেই ব্যক্তির জন্য স্ত্রীর সাথে হজ করা নফল জিহাদ অপেক্ষা উত্তম মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ خُرُوجَ الْمَرْءِ مَعَ امْرَأَتِهِ إِذَا خَرَجَتْ مُؤَدِّيَةً لِفَرْضِهَا فِي الْحَجِّ أَفْضَلُ مِنْ خُرُوجِهِ فِي جِهَادِ التَّطَوُّعِ

## আরবী

3749 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْجَبَّارِ بْنُ الْعَلَاءِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْجَبَّارِ بْنُ الْعَلَاءِ قَالَ: حَدَّثَنَا عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ أَبِي مَعْبَد: عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: سَمِعْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم يَقُولُ: (لَا يخلونَّ رَجُلُ بِامْرَأَةٍ لِلَّا وَمَعَهَا ذُو مَحْرَمٍ) فَقَامَ رَجُلُ فَقَالَ: يَا عليه وسلم يَقُولُ: (لَا يخلونَّ رَجُلُ بِامْرَأَةٍ لِلَّا وَمَعَهَا ذُو مَحْرَمٍ فَقَالَ: (انطلق فحُجَّ رَسُولَ اللَّهِ إِنِّي اكْتُتِبْتُ فِي غَزْوَةٍ كَذَا وَكَذَا وَانْطَلَقَتِ امْرَأَتِي حَاجَةً فَقَالَ: (انطلق فحُجَّ مع امرأتك)

الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3749 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((الروض)) (995): ق.

## বাংলা

৩৭৪৯. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "কোন পুরুষ কোন নারীর সাথে তার মাহরাম ছাড়া নির্জনে মিলিত হবে না।" তখন এক ব্যক্তি দাঁড়িয়ে বললো, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি ওমুক ওমুক যুদ্ধে নাম লিখিয়েছি। আর আমার স্ত্রী হজের জন্য রওয়ানা দিয়েছেন।" তখন তিনি জবাবে বলেন, "তুমি তোমার স্ত্রীর সাথে হজ সম্পাদন করো।" [1]

## ফটনোট

[1] সহীহ মুসলিম: ১৩৪১; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/২৮৬; মুসনাদ আহমাদ: ১/২২২; সহীহুল বুখারী: ৩০০৬;



সহীহ ইবনু খুয়াইমাহ: ২৫২৯; তাহাবী: ২/১১২; সুনান বাইহাকী: ৩/১৩৯; বাগাবী: ১৮৪৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওয: ৯৯৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন